দৈনিক বাংলা

তারিখ 26 APR 1993
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা বোর্ডের অংকের প্রশ্ন ফাঁসের গুজব

স্টাফ রিপোর্টার : ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার অংকের প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে গত রাতে ঢাকায় গুজব ছড়িয়ে পড়ে। ছাত্র এবং অভিভাবকরা ফোনে এই খবরের সত্যতা জানতে চান। আজ এই পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ছড়িয়ে পড়া খবর অনুযায়ী, ক সেট প্রশ্নে পাটীগণিত অংশে বইয়ের অনুশীলনী এক দশমিক দুই-এর ২১ নম্বর, এক দশমিক তিন-এর ৩ নম্বর, তিন দশমিক এক-এর ২৪ নম্বর, অনুশীলনী ২-এর ১৯ নম্বর, ৪·১-এর ২৭ নম্বর, ৪·২-এর ২৪

(৮-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

(প্রথম পাতার পর) ঢাকা বোর্ডের

নম্বর, ৪·৩-এর ৩৭ নম্বর, ৫-এর ১৯ নম্বর, ৬·২-এর ২ নম্বর; বীজগণিতে উদাহরণস্বরূপ অনুশীলনী ৩ দশমিক ২-এর ২৯ নম্বর, ৩ দশমিক ৬-এর ২৫ নম্বর; জ্যামিতিতে উপপাদ্য ১৭, ১৯, ২৮, ৩৯, সম্পাদ্য ৩, ১০, ১৯ ইত্যাদি উদাহরণ হিসাবে উল্লেখ করা যায়।

খ সেট প্রশ্নে পাটীগণিতে অনুশীলনী ১ দশমিক ২-এর ১৫ নম্বর, ১ দশমিক ৩-এর ৪ নম্বর; বীজগণিতে ৩ দশমিক ২-এর ৭ নম্বর, ৩ দশমিক ৩-এর ১৯ নম্বর; জ্যামিতিতে উপপাদ্য ৭, ২০, ৩০, ৩৬ নম্বর, সম্পাদ্য ৪, ৮, ১৬(২); অনুশীলনী ২ দশমিক ১-এর ৯ এবং ২৭ নম্বর ইত্যাদি প্রশ্ন আছে বলে গুজব ছড়িয়ে পড়ে এবং পুরো প্রশ্নের সেট বিক্রিরও খবর রাতে জানা যায়। হাতে লেখা এ ধরনের দুই সেট আমাদের কাছে এসেও পৌঁছায়। তবে রাতে বোর্ড থেকে এর সত্যতা যাচাই করা সম্ভব হয়নি।